

St. Xavier's School, Purulia
Bengali Language (Phase-II)

Class - V

Date - 25/05/2020

পত্র রচনা

(ক) তোমার জন্মদিন উপলক্ষ্যে বাড়িতে অনুষ্ঠানে যোগদানের আমন্ত্রণ জানিয়ে প্রিয় বন্ধুকে একটি পত্র রচনা করো।

উত্তর :-

প্রাজ্ঞা কুন্ডু
প্রযত্নে - প্রসেনজিৎ কুন্ডু
আমলাপাড়া, পুরুলিয়া
পিন - ৭২৩১০১ (পঃবঃ)
তারিখ - ০২/০৩/২০২০

প্রিয় সৌমালিকা,

অনেকদিন তোর কোন চিঠি পাইনি। আশা ও প্রার্থনা করি, ঈশ্বরের অসীম কৃপায় তোর বাড়ির সকলেই ভালো আছেন। আমিও বেশ ভালো আছি, আনন্দেই আছি।

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ১২/০৩/২০২০ তারিখে আমার জন্মদিন। ঐ দিন আমার মা-বাবা আমার জন্মদিন উপলক্ষ্যে বাড়িতে একটা ছোট অনুষ্ঠানের আয়োজন করেছেন। অনুষ্ঠান বলতে --- নিজেদের মধ্যে নাচ, গান, আবৃত্তি, আলোচনা আর পেট ভরে খাওয়া দাওয়া, দু'চারজন আমার বন্ধু বান্ধবকে আমন্ত্রণ করেছি। তুই অবশ্যই ১২/০৩/২০২০ তারিখে বিকেলে আমাদের বাড়ী চলে আসিস্। অবশ্যই আসিস্ খুব মজা হবে।

তোর মা-বাবাকে এবং অন্যান্য গুরুজনদেরকে আমার সশ্রদ্ধ প্রণাম রইল। তোর ছোট ভাইকে আমার স্নেহ ভালোবাসা জানাস্। তোর আসার অপেক্ষায় পথ চেয়ে বসে রইলাম।

প্রতি

সৌমালিকা দে,

প্রযত্নে - মুনমুন দে

নেতাজী আবাসন, এস.এস. গাঙ্গুলী স্ট্রীট,

পুরুলিয়া

পিন - ৭২৩১০১ (পঃবঃ)

ডাক টিকিট

ইতি

তোর অন্তরঙ্গ

প্রাজ্ঞা

(খ) শারীরিক অসুস্থতার কারণে বিদ্যালয়ে অনুপস্থিতির ছুটি চেয়ে বিদ্যালয় প্রধান-এর কাছে একটি আবেদন পত্র লেখো :-

উত্তর :-

অনুষ্কা মাহাত
বিকাশপল্লী, পুরুলিয়া
পিন - ৭২৩১০১ (পঃবঃ)
তারিখ - ১৬/০৪/২০২০

মাননীয় অধ্যক্ষ মহাশয় সমীপেযু,
সেন্ট জেভিয়ার্স স্কুল,
বেলগুমা, পুরুলিয়া

বিষয় :- অনুপস্থিতির জন্য ছুটির আবেদন।

মহাশয়,

আমার বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির 'গ' বিভাগের একজন ছাত্রী। প্রচন্ড সর্দিজ্বরে আক্রান্ত হয়ে আমি গত ১০/০৪/২০২০ থেকে ১৫/০৪/২০২০ তারিখ পর্যন্ত বিদ্যালয়ে উপস্থিত হতে পারি নি।

অতএব মহাশয়ের কাছে বিনীত প্রার্থনা এই যে, উক্ত দিনগুলির জন্য ছুটি মঞ্জুর করে এবং অনিচ্ছাকৃত ক্রটি মার্জনা করে আমাকে বাধিত করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়
সেন্ট জেভিয়ার্স স্কুল,
বেলগুমা, পুরুলিয়া
পিন - ৭২৩১০১ (পঃবঃ)

বিনীত
আপনার একান্ত অনুগত ছাত্রী
অনুষ্কা মাহাত
পঞ্চম শ্রেণি
বিভাগ - গ, ক্রমিক নং - ৯

বিঃদ্রঃ- দুটি পত্রই বাড়িতে লিখে অভ্যাস করবে। এখানে নমুনা দুটি দেখানো হল। ছেলেরা নিচে ডানদিকে 'আপনার অনুগত ছাত্র' লিখবে।

St. Xavier's School, Purulia
Bengali Project Work (Phase-II)

Class - V

Date - 25/05/2020

Page - 3

প্রশ্ন-১ : কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ছবি ও জীবনী সহ একটি সুন্দর দেওয়াল ক্যালেন্ডার তৈরী কর।

প্রশ্ন-২ : তোমার প্রিয় বন্ধুর জন্মদিনে দেওয়ার জন্য তাকে ‘শুভেচ্ছা বার্তা’ সহ একটি জন্মদিনের কার্ড তৈরী কর।

সমাধান সংকেত :- কাজগুলি করার জন্য এবং প্রকল্প তৈরী করার উপকরণগুলির জন্য Bengali Language Phase-II video-টির দ্বিতীয় অংশটি দেখো।

বিঃদ্রঃ- Bengali Project Work-গুলি জমা দেওয়ার শেষ দিন :-
“লক্‌ডাউনের পর বিদ্যালয় খোলার প্রথম দিন।”